

## বেসরকারি প্রা. বিদ্যালয়ে বই না দেয়ায় ছাত্রছাত্রীরা সমস্যায়

বীত কৃত্য রক্ষিত, চট্টগ্রাম ব্যুরো : চট্টগ্রাম বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোর ছাত্রছাত্রীদের জাতীয় শিক্ষার্ন ও পাঠ্য পুস্তক বোর্ড প্রণীত বই সরবরাহ না করার শিক্ষা কার্যক্রমের তরুতেই হেঁচট বাজে।

বিনামূল্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে সরকারি উদ্যোগে বই পৌঁছানো হলেও বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে ক্লাস তরুর দু'সপ্তাহ গত হতে চললেও টেক্সট বোর্ডের বই এখনও সরবরাহ করা হয়নি। বই না পাওয়ার কোমলমতি শিশুদের কতি হচ্ছে বলে অভিভাবকরা অভিযোগ করেছেন।

একাধিক সফটওয়্যার সূত্র ও সরকারি অনুসন্ধানে জানা গেছে, মহানগর এলাকার বেসরকারি প্রাথমিক বিদ্যালয়গুলোতে সরকারি পাঠ্যপুস্তক বোর্ড কর্তৃক প্রণীত বই এখন অধিকাংশ শিক্ষার্থী পায়নি। গ্রামগঞ্জের বিদ্যালয়গুলোর অবস্থা আরও কলঙ্ক।

সমস্যায় : পৃঃ ১১ কঃ ৭

### সমস্যায় : ছাত্রছাত্রীরা

(১ম পৃষ্ঠার পর)

এখানকার অভিভাবকরা টাকার বিনিময়েও বইয়ের বাজারে বই পাচ্ছে না। যদিও কোন কোন লাইব্রেরি ক্রয় করে সেট বই নিলানো গেলেও প্রতিসেট কইয়ের দাম রাখা হচ্ছে ৩শ থেকে ৫শ টাকা বলে অভিযোগ। পাওয়া গেছে। তবে বাজারে যে বইগুলো থাকায় ক্রেতার-বিক্রেতার চাহিদা অনুপাতে দাম দিতে বাধ্য হচ্ছে।